দৈনিক খবর

তারিখ 0.5.J 1988
পৃষ্ঠা ... কলাম ...

003

## বুয়েট ক্লাস টেস্ট সমস্যা

আজ দীর্ঘদিন ধরে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশে অচলাবস্থার সৃষ্টি হয়েছে। ক্লাস টেস্ট বাতিল ও ছাত্র-বৃত্তি বৃদ্ধি এ দু'টি দাবীতে ছাত্ররা আন্দোলনরত। উল্লেখ্য যে, ১৯৮৩-৮৪ শিক্ষাবর্ষ থেকে কোন নীতি নির্ধারণ ছাড়াই ২০% ক্লাস টেস্ট পরীক্ষামূলকভাবে চালু করা হয়। অপরদিকে কিছুসংখ্যক মেধা-বৃত্তি ছাড়া একশ' টাকা কারিগরি বৃত্তি ১৯৬৮ সালে প্রবর্তিত হয়। বর্তমানে সময়ের পরিপ্রেক্ষিতে এ পরিমাণ বৃত্তির অপ্রতুলতা এবং প্রতি সপ্তাহের ক্লাস পরীক্ষার অত্যধিক চাপের দরুন ছাত্ররা এ আন্দোলনের ডাক দেয় যদিও বৃত্তি বৃদ্ধির দাবী দীর্ঘদিনের।

অর্থনৈতিক কারণে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের বহু ছাত্র একাধিক প্রাইভেট টিউশনির মাধ্যমে শিক্ষার ব্যয়ভার বহন করে। যার ফলে সপ্তাহের পড়ার বেশ সময় ব্যয় হয়। প্রায় প্রতিটি ডিপার্টমেন্টের ছাত্রদের সপ্তাহের পাঁচ দিন কার্যদিবসে ৩০-৩২টি ক্লাস করতে হয়। সপ্তাহের কোন কোন দিন সকাল ৮টা থেকে বিকাল ৫টা পর্যন্ত ক্লাস থাকে। হোম টাস্ক, ড্রয়িং, ব্যবহারিক ক্লাসের জন্য প্রস্তুতি ইত্যাদি নানা কারণে প্রতিদিনের নির্দিষ্ট পড়ার সাথে তাল মিলিয়ে সপ্তাহে ৫/৬টি ক্লাস পরীক্ষার জন্য দীর্ঘ সিলেবাসের ওপর পূর্ণ প্রস্তুতি নেয়া সম্ভব হয়ে উঠে না। ফলে অনেক ছাত্রই অল্প সময়ে তড়িঘড়ি করে ক্লাস নোটের ওপর চোখ বুলিয়ে প্রস্তুতি নেয়। ক্লাস পরীক্ষার জন্য নির্ধারিত ক্লাসের পূর্বের ক্লাসগুলো না করে অনেক ছাত্রকে প্রস্তুতি নিতে দেখা যায়। ইচ্ছে থাকা সত্ত্বেও শুধুমাত্র সময়ের অভাবে কোন বিষয়ের গভীরে যেতে বিভিন্ন বইয়ের সাহায্য নেয়া হয়ে উঠে না। অথচ ছাত্রদের পরবর্তীতে ঐ বিষয়ে বিস্তারিত পড়তেই হয়।

একজন সাধারণ ছাত্র হিসেবে মনে করি, শিক্ষাব্যবস্থা কখনও ছাত্রদের দ্বারা নির্ধারিত হতে পারে না। তবে পরীক্ষার চাপ কমিয়ে এনে ছাত্রদের জন্য ক্লাস পরীক্ষা কল্যাণকর করা সম্ভব। এই প্রেক্ষিতে শ্রদ্ধেয় শিক্ষকমন্ডলীর প্রতি নিম্নের প্রস্তাবগুলো বিবেচনা করতে বিনীতভাবে অনুরোধ করছি। (এক) প্রতিটি বিষয়ের উপর সর্বোচ্চ দু'টি করে ক্লাস পরীক্ষা সেমিস্টারের ৪র্থ সপ্তাহ থেকে শুরু করে একেক সপ্তাহ পূর্ণ গ্যাপ দিয়ে অগ্রিম সময়সূচীর মাধ্যমে সংশ্লিষ্ট বিষয়ের জন্য নির্দিষ্ট ক্লাস নেয়া, (দুই) পরীক্ষার সিলেবাস ৩/৪টি লেকচারের মধ্যে সীমাবদ্ধ রাখা, (তিন) সেমিস্টারের শেষ সপ্তাহ ব্যবহারিক ক্লাসের কুইজ, মৌখিক ইত্যাদি কারণে ক্লাস টেস্ট মুক্ত রাখা, (চার) প্রতিটি বিষয়ের দুটো পরীক্ষার মধ্যে ভালো মানটি বিবেচনা করা।

একটু গভীরভাবে চিন্তা করলে সংশ্লিষ্ট সকলেই উপরোক্ত প্রস্তাবের কার্যকারিতা সম্পর্কে অবগত হবেন।

জহির হোসেন
ঢাকা